

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)
রাজশাহী শাখা, ৭০/৭১, মিয়া পাড়া, ২য় তলা, সাহেব বাজার, রাজশাহী।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখার ঋণগ্রহীতা মেসার্স জহুরা কনস্ট্রাকশন, মালিকঃ মিসেস জহুরা খাতুন, লুসিভিলা, হাউজনং: এইচ-২৯৮, বোসপাড়া, ঘোড়ামারা, রাজশাহী কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে মোঃ ইয়াহিয়া হোসেন সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহাবিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৪/০৯/২০১৬ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা ২৩,৫৫,০০০/- (তেইশ লক্ষ পঞ্চগ্নন হাজার) টাকা মাত্র সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদেও নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদাকাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৬/১০/২০১৬ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদেও সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরদাতা কর্তৃক উদ্ধৃত দও অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার মারফত ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং অনুরূপ নিয়মে পরিশোধে ব্যর্থ হইলে অর্থঋণ আদালত আইন (সংশোধনী), ২০১০ এর ৩৩(২) ধারানুযায়ী জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্র দাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দরপ্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশনফি, স্ট্যাম্পডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটিকর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদীসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবেনা।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা- রাজশাহী, থানা- পবা, হালমতিহার, মৌজা- কাজলা জেএল নং- ১৪৪, এস এখতিয়ান নং- ২৩৮; আরএস খতিয়ান নং- ৯৫, প্রস্তাবিত খতিয়ান- ৯৫/৪, সাবেক দাগনং- ১০০, ১০৪; আরএস প্লট নং - ১৩২৮; পরিমাণ- ০.০৩৭১^১/_৪ একর জমি।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা, রাজশাহী।